গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
উন্নয়ন শাখা-৩, গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

স্মারক নং- ২৫.৩৬.০০০০.২২০.১৪.৩৬০.১৬.- ১৫৭ (৬০)

তারিখ : ১৬/ ১১ /১৪২৪ বঙ্গাব্দ
২৮/০২ /২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপর্যুক্ত বিষয়ের আলোকে, গণপূর্ত অধিদপ্তরের নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ডের বিষয়ে ১৫/০২/২০১৮ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে (০৩ পাতা)।

(মোসলেহ্ উদ্দিন আহাম্মদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
ও
ইনোভেশন অফিসার
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮৯১৪, ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪
ই-মেইলঃ se_coord@pwd.gov.bd

প্রাপকঃ

যুগ্ম সচিব (অডিট) ও
চিফ ইনোভেশন অফিসার,
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য প্রেরন করা হলো)

১। মন্ত্রি পরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, ঢাকা।
৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন- ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/রাজশাহী/সিলেট/খুলনা/রংপুর/ই-এম, ঢাকা।
৭। অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, Urban Building Safety Project, পূর্ত ভবন, ঢাকা।
৮। পরিচালক (ইনোভেশন), একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৯। ................................................................................, সদস্য, নাগরিক সেবায় উদ্ভাবন সংক্রান্ত কমিটি।

(হুমায়েরা বিনতে রেজা)
নির্বাহী প্রকৌশলী (এম.আই.এস সেল)
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।

O/C

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণপূর্ত অধিদপ্তর
উন্নয়ন শাখা-৩

বিষয়ঃ নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) ও ইনোভেশন অফিসার জনাব মোসলেহ্ উদ্দীন আহাম্মদ এর সভাপতিত্বে ১৫/০২/২০১৮ খ্রি. তারিখে নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত অগ্রগতি বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ নিম্নরূপঃ

১। জনাব এস.এম জুলকারনাইন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
২। জনাব আবুল কালাম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
৩। জনাব হুমায়েরা বিনতে রেজা, নির্বাহী প্রকৌশলী, এম.আই.এস. সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
৪। জনাব মোঃ মহসীন, নির্বাহী প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
৫। জনাব কাজী শরীফ উদ্দিন আহমেদ, নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
৬। জনাব তাসফিন মুহাইমীন হক, উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম), এম.আই.এস সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
৭। জনাব নাহিদ আফরোজ লিজ, উপ-বিভাগীয় প্রকৌশলী, তদন্ত কোষ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
৮। জনাব কামরুন নাহার, উপ-বিভাগীয় প্রকোশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
৯। জনাব সুরভী নাসরিন ঝুমু, সহকারী প্রকৌশলী (ই/এম), এম.আই.এস সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

সভাপতি সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ২০১৭-২০১৮ অর্থবছরের জন্য, মন্ত্রি পরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রণীত উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতির বিষয়ে বিস্তারিত বিশ্লেষন করা হয়। কর্মপরিকল্পনা অনুসারে সেবা প্রক্রিয়া সহজিকরণ, দাপ্তরিক অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ার উন্নয়ন, উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরী ও সোশ্যাল মিডিয়ার ব্যবহার সম্পর্কিত বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের চলমান কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয় এবং সদস্যগণ তাদের মতামতসমূহ পেশ করেন।

সভায় নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ে বিস্তারিত আলোচনার পরে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত (১): নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ক পুনর্গঠিত কমিটি নিম্নরূপঃ

| | |
|---|---|
| ১. জনাব মোসলেহ্ উদ্দিন আহাম্মদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)-ফোকাল পয়েন্ট, ইনোভেশন অফিসার | আহবায়ক |
| ২. জনাব এস. এম জুলকারনাইন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৩. জনাব আবুল কালাম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১, ঢাকা | সদস্য |
| ৪. জনাব নন্দিতা রানী সাহা, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত মনিটরিং বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৫. জনাব আইনুন নাহার এ্যানি, নির্বাহী প্রকৌশলী (ও এন্ড এম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৬. জনাব হুমায়েরা বিনতে রেজা, নির্বাহী প্রকৌশলী (এম.আই.এস. সেল), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৭. জনাব আব্দুর রহিম রিপন, নির্বাহী প্রকৌশলী, মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা | সদস্য |
| ৮. জনাব মোঃ মহসীন, নির্বাহী প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৯. জনাব কাজী শরীফ উদ্দিন আহমেদ, নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ১০. জনাব তাসফিন মুহাইমীন হক, উপ-বিভাগীয় প্রকৌশলী, এম.আই.এস. সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ১১. জনাব নাজমুন নাহার হামিদ, উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত ই/এম উপ-বিভাগ- ১৪, ঢাকা | সদস্য |
| ১২. জনাব নাহিদ আফরোজ লিজ, উপ-বিভাগীয় প্রকৌশলী, তদন্ত কোষ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ১৩. জনাব অজন্তা শুক্লা তন্মা, উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত ই/এম পিএন্ডডি সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ১৪. জনাব কামরুন নাহার, উপ-বিভাগীয় প্রকোশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ১৫. জনাব সুরভী নাসরিন ঝুমু, সহকারী প্রকৌশলী, এম.আই.এস. সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |

সিদ্ধান্ত (২): সেবা সহজিকরণ বিষয়ে গৃহিত সিদ্ধান্তঃ

গণপূর্ত অধিদপ্তরের মতিঝিল গণপূর্ত বিভাগ, আজিমপুর গণপূর্ত বিভাগ, ঢাকা গণপূর্ত বিভাগ-৪, শেরেবাংলানগর গণপূর্ত বিভাগ-৩, ঢাকা গণপূর্ত সম্পদ বিভাগ ও চট্টগ্রাম গণপূর্ত বিভাগ-৪ এর দৈনন্দিন মেরামত এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত অনুরোধ কার্যাদি অনলাইনের মাধ্যমে নিষ্পত্তি করন প্রক্রিয়া চালু রাখা। ঢাকাস্থ অন্যান্য গণপূর্ত বিভাগেও অনুরূপ কার্যাদি চালুকরণে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের সার্ভিস ইনোভেশন ফান্ডের সহায়তায় বিষয়টির বেইজ লাইন সার্ভে কাজ সম্পাদন শেষে পত্রিকায় EOI প্রকাশ করা হয়েছে। যথাযথ প্রক্রিয়া অবলম্বনপূর্বক কাজটির কন্ট্রাক্ট এ্যাওয়ার্ড প্রদান করতে হবে। গণপূর্ত অধিদপ্তরের এম.আই.এস.সেল এর মাধ্যমে পি.ডব্লিউ.ডি কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট সিস্টেম প্রকল্প মনিটরিং ও পরিচালনা করা।

'অনলাইন ভিত্তিক সরকারি বাসা গ্রহণ, হস্তান্তর ও প্রত্যয়নপত্র প্রদান পদ্ধতি' এবং 'কারিগরী প্রাক্কলন অনুমোদন প্রক্রিয়া সহজিকরণ' শীর্ষক সেবা দুটি 'সেবা সহজিকরণ ম্যানুয়্যাল' অনুসরণপূর্বক সহজিকরণ প্রক্রিয়া চলমান রাখা।

সিদ্ধান্ত (৩): Online PMS (Project Monitoring System) Software এর মাধ্যমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং স্বাস্থ্য মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পসমূহ নিয়মিত মনিটরিং করা ও সভায় উপস্থাপন করা। অন্যান্য মন্ত্রণালয়ের ক্ষেত্রেও প্রক্রিয়াটি পর্যায়ক্রমে বাস্তবায়ন অব্যাহত রাখা।

সিদ্ধান্ত (৪): প্রধান প্রকৌশলীর দপ্তর হতে ইস্যুকৃত সকল অফিস আদেশ (অর্থ বরাদ্দপত্র, NOC, GO, পদোন্নতি ও বদলি আদেশ, অডিট রিপোর্ট, বার্ষিক প্রতিবেদন, সিটিজেন চার্টার এবং অন্যান্য রিপোর্টসমূহ ইত্যাদি) গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করা ও মাঠ পর্যায়ে তা কার্যকর করণের বিষয়টি মনিটরিং করা।

সিদ্ধান্ত (৫): প্রাক্কলন প্রস্তুত করনে ও দর প্রণয়নে ESRA (Estimating, Schedule of Rates Analysis) Software এর যথাযথ ব্যবহার বাস্তবায়ন করা।

সিদ্ধান্ত (৬): প্রধান প্রকৌশলী মহোদয় এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) এর দপ্তর শাখা - ১, ২, ৩, ৪ এ e-filing পদ্ধতির ব্যবহার অব্যাহত রাখা। পর্যায়ক্রমে অন্যান্য শাখাতেও e-filing পদ্ধতি চালুকরণ ও বাস্তবায়ন।

সিদ্ধান্ত (৭): ই-প্রকিউরমেন্ট পদ্ধতির যথাযথ ব্যবস্থাপনা ও মনিটরিং করণ অব্যাহত রাখা।

সিদ্ধান্ত (৮): Online Building Database ও ডিজিটাল হিস্ট্রি বুক তৈরীকরণ ও বাস্তবায়ন কাজ অব্যাহত রাখা।

সিদ্ধান্ত (৯): অনলাইন Human Resource Information System (HRIS) সফটওয়্যার ব্যবহার অব্যাহত রাখা ও যথাসময়ে তথ্য আপডেটকরণ নিশ্চিত করা।

সিদ্ধান্ত (১০): গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটের মাধ্যমে অনলাইন ই-লাইব্রেরি পদ্ধতি অব্যাহত রাখা ও তথ্য আপডেটকরণ নিশ্চিত করা।

সিদ্ধান্ত (১১): নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ড বিষয়ে/সেবা সহজিকরণ এর বিষয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ তাদের মতামত/ধারণা/চিন্তাধারা/কর্মকৌশল প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রেরণ করেন। এর সাথে গণপূর্ত অধিদপ্তরের ওয়েবসাইটের "ইনোভেশন কর্ণার" এবং গণশুনানি/ অংশীজনের সাথে মতবিনিময় সভা থেকে প্রাপ্ত আইডিয়া সমূহ একত্রিত করে পর্যালোচনা করা ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহন করা।

সিদ্ধান্ত (১২): নাগরিক সেবায় সোশ্যাল মিডিয়া ও ফেসবুক পেজ এর যথাযথ ব্যবহারের বিষয়টি অব্যাহত রাখা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোসলেহ্ উদ্দিন আহাম্মদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
ও
ইনোভেশন অফিসার
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।